# গভর্নমেন্ট আইসিটি অফিসার্স ফোরাম

**স্থাপিতঃ ১৯৯৭ খ্রিঃ, রেজিঃ নং-এস-১১৩০১/২০১১**

**www.govtictofficers.org, ই-মেইল: info@govtictofficers.org**

---

স্মারক: জিআইসিটি/প্রশা./২০২৪/পত্র-০২৯

তারিখঃ ১৫ই পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ.
৩০ ডিসেম্বর, ২০২৫ খ্রি.

## শোকবার্তা

আমরা গভীর শোক ও দুঃখের সাথে জানাচ্ছি যে, বাংলাদেশের অন্যতম বৃহৎ রাজনৈতিক দল বিএনপি'র চেয়ারপার্সন এবং সাবেক তিনবারের প্রধানমন্ত্রী **বেগম খালেদা জিয়া** আজ, **৩০ ডিসেম্বর ২০২৫ খ্রি. সকাল ৬:০০ ঘটিকায়** রাজধানী ঢাকার এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

বেগম খালেদা জিয়া ছিলেন বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের এক সাহসী ও দৃঢ় নেতৃত্বের প্রতীক। রাষ্ট্র পরিচালনা, সংসদীয় গণতন্ত্রের চর্চা, নারীর নেতৃত্বের বিকাশ এবং দেশের সাধারণ জনগণের অধিকার প্রতিষ্ঠায় তাঁর সাহসী ভূমিকা জাতি চিরকাল শ্রদ্ধার সাথে স্মরণ করবে। তাঁর নেতৃত্বগুণ, কর্মপ্রচেষ্টা ও দেশপ্রেম ভবিষ্যৎ প্রজন্মের জন্য অনুপ্রেরণার অনন্য উৎস হয়ে থাকবে।

আমরা, **গভ. আইসিটি অফিসার্স ফোরাম**, মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি **(আল্লাহ তা'আলা তাঁকে জান্নাতুল ফেরদৌস নসিব করুন এবং তাঁর কবরকে প্রশস্ত ও নূরে ভরপুর করুন)** এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

**(মোঃ তমিজ উদ্দীন আহমেদ)**
**সভাপতি**
**গভর্নমেন্ট আইসিটি অফিসার্স ফোরাম**
**মোবাইল: ০১৭১১৯৬২২৪৫**
**ই-মেইলঃ info@govtictofficers.org**

**(মোহাম্মদ আহসান হাবীব সুমন)**
**মহাসচিব**
**গভর্নমেন্ট আইসিটি অফিসার্স ফোরাম**
**মোবাইল: ০১৬৭৮-৭০২৫৮৯**
**ই-মেইল: suman.ahabib@gmail.com**